গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
<u>নির্মাণ অধিশাখা</u>

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৬.৫০.০০৭.২০-৯৭

তারিখ: ০৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতির পিতা মুজিব শতবর্ষ উপলক্ষে প্রত্যেক হাসপাতালে Information Cum Help Desk স্থাপন

গত ২৬/০১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল হাসপাতালে Informaiton Cum Help Desk স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত Help Desk এ হাসপাতাল সেবা সম্পর্কে তথ্য, স্বাস্থ্য সচেতনতা ও স্বাস্থ্য শিক্ষা বিষয়ক তথ্য LED ডিসপ্লের মাধ্যমে প্রদর্শন এবং উক্ত Help Desk এ দু'জন স্টাফ পদায়নসহ কম্পিউটার স্থাপনের নিমিত্ত গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত- ০২ (দুই) পাতা

২০-০২-২০

(মুহাম্মদ শাহাদত খন্দকার)
উপসচিব
ফোন-৯৫৭৭৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল হাসপাতালে Informaiton Cum Help Desk স্থাপনের নির্দেশনা প্রদান এবং এ বিষয়ে এ বিভাগকে অবহিত করার অনুরোধসহ)
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৪। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
৫। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)
৬। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল (সকল)
৭। সিভিল সার্জন (সকল)
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনসহ সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য সেবা বিভাগ
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
<u>প্রশাসন-১ অধিশাখা</u>

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষে গৃহীত <u>কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা</u>

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আসাদুল ইসলাম,<br>সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৬/০১/২০২০ খ্রিস্টাব্দ |
| সময় | : | বেলা ১০: ০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পবিত্র স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। তিনি বলেন, জাতির পিতার জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপনের জন্য ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নির্দেশনা অনুসারে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনায় বছরব্যাপী বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য মন্ত্রণালয় ও অধিদপ্তরের বেশ কজন জ্যেষ্ঠ কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

২। সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী মুজিববর্ষে বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রম ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য প্রশাসন-১ শাখার সিনিয়র সহকারী সচিবকে অনুরোধ করেন। অতঃপর কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সেগুলোর বাস্তবায়ন অগ্রগতি সভায় তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| নং | কর্মসূচির নাম | কার্যক্রম | বাস্তবায়ন/সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১. | দেশজুড়ে স্বাস্থ্য সেবা ও সচেতনতা সৃষ্টির উদ্যোগ | বঙ্গবন্ধুর পোর্ট্রেট ও বাণী | বঙ্গবন্ধুর পোর্ট্রেট সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে স্থাপন করতে হবে। মেডিকেল কলেজ/হাসপাতালসহ বড় প্রতিষ্ঠানগুলোতে বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন করতে হবে। | জনাব মোঃ হাবিবুর রহমান,<br>অতিরিক্ত সচিব |
| | | রেডিও টেলিভিশনে বছরব্যাপী কর্মসূচি<br>মোবাইল ভ্যান | একটি কমিটি গঠন করে গণমাধ্যম এবং কর্মসূচি চূড়ান্ত করতে হবে। লাইফস্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন ওপির লাইন ডাইরেক্টর, নিপসমের পরিচালক এবং স্বাস্থ্য শিক্ষা ব্যুরো কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। | |
| | | প্রত্যেক মাসে একটি বিষয়ের উপর আলোকপাত করে একটি কর্মসূচি | -- | |
| | | র‍্যালী<br>ব্যানার/পোস্টার/আলোকসজ্জা | মুজিববর্ষের প্রারম্ভিক ও সমাপনী পর্বকে বর্ণাঢ্য করে তুলতে স্বাস্থ্য খাতের সাফল্য উপস্থাপন করে র‍্যালি আয়োজন করতে হবে। ব্যানার, পোস্টার ও আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। | |
| | | স্কুল হেলথ কর্মসূচি (অসংক্রামক ব্যাধি, সংক্রামক রোগ, পুষ্টি, নিরাপদ মাতৃত্ব/প্রসব, বাল্যবিবাহ, Antibiotic Resistance | সম্ভব হলে প্রতি স্কুলে কর্মসূচি করতে হবে। | |
| | | সুভেনির/Documentary | কেন্দ্রীয়ভাবে একটি ডকুমেন্টারি তৈরি করতে হবে। এজন্য একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| নং | কর্মসূচির নাম | কার্যক্রম | বাস্তবায়ন/সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০২ | Type-1 Diabetic শিশুদের ডায়াবেটিস সেবা | * ডায়াবেটিস সমিতির সঙ্গে সমন্বয় করে তাদের ৩৮টি জেলায় এসব সেবা দানে বিনামূল্যে ইনসুলিন দেয়া<br>* ৮টি বিভাগীয় পর্যায়ের মেডিকেল কালেজ হাসপাতালে এই সেবা চালু করা হবে।<br>* সচেতনতা তৈরী<br>* বাবা-মা/পরিবার সদস্যদের প্রশিক্ষণ | * আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে দেশব্যাপী টাইপ ওয়ান 'ডায়াবেটিস রোগীদের বিনামূল্যে ইনসুলিন প্রদান কর্মসূচি ঢাকায় শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, বারডেম-২ হাসপাতাল, সেগুনবাগিচা, ঢাকা এবং ঢাকার বাইরে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে উদ্বোধন করা হবে। এছাড়া অপর বিভাগীয় শহরগুলোতে একটি করে হাসপাতালে এ সেবা সম্প্রসারণ করা হবে। সেবা প্রদানের ধাপসমূহ চূড়ান্ত করতে হবে। সংশ্লিষ্ট হাসপাতালসমূহ প্রাপ্ত বরাদ্দ থেকে অর্থ খরচ করবে।<br>* ডায়াবেটিস সমিতির সঙ্গে সমন্বয় করে তাদের ৩৮টি জেলায় ইনসুলিন সেবাদান বিনামূল্যে দিতে হবে। | বেগম রীনা পারভীন, অতিরিক্ত সচিব |
| ০৩ | প্রত্যেক স্বাস্থ্য প্রতিষ্ঠানে একটি করে দীর্ঘজীবী গাছ লাগানো | * বকুল গাছ/নিমগাছ/মেহগনি গাছ | স্বাস্থ্য বিভাগীয় প্রতিষ্ঠানে ১৭ মার্চ তারিখে গাছ লাগানোর বিষয়ে ইতোমধ্যে সভা আয়োজন করে নির্দেশনা দেয়া হয়েছে। হাসপাতালের স্তরভেদে বকুল, চাঁপা, কাঠবাদাম, জলপাই, অর্জুন ইত্যাদি গাছ লাগানোর জন্য বলা হয়েছে। এর পাশাপাশি পরিবেশবান্ধব গাছ নিমকে প্রাধান্য দেয়ার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বেগম রীনা পারভীন, অতিরিক্ত সচিব |
| ০৪ | পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর উদ্যোগের অংশ হিসাবে হাসপাতাল/ স্বাস্থ্য স্থাপনা পরিচ্ছন্ন করা | * ভবন সংস্কার/চুনকাম<br>* টয়লেট,বেসিন,ট্যাপ<br>* জানালা দরজা, বেডসাইড টুল/টেবিল<br>* কিচেন<br>* Outdoor- এ নতুন টয়লেট স্থাপন<br>* পানি সরবরাহ নিশ্চিতকরণ | এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা দেবেন। | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করবেন। |
| ০৫ | প্রত্যেক হাসপাতালে Information Cum Help Desk | * হাসপাতালের সেবা সম্পর্কে তথ্য<br>* স্বাস্থ্য শিক্ষা<br>* LED -------<br>* দু'জন স্টাফ, কম্পিউটার | প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) |
| ০৬ | Institutional Practice & Evening outdoor | -- | ইনস্টিটিউশনাল প্র্যাকটিস ও ইভেনিং আউটডোরের কাজ এগিয়ে নিতে হবে। | যুগ্ম-প্রধান (পরিকল্পনা) |
| ০৭ | One stop comprehensive Emergency Service চালু | * প্রথম পর্যায়ে মেডিকেল কলেজ হাসপাতালে<br>* ক্রমান্বয়ে জেলা হাসপাতালে | টারশিয়ারি পর্যায়ের সকল হাসপাতালসহ পর্যায়ক্রমে জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালে One stop comprehensive Emergency Service চালুর জন্য স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক)-এর দপ্তর থেকে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করা হয়েছে। এটির বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (হাসপাতাল) |
| ০৮ | বিভাগীয় ও জেলা পর্যায়ে কিডনী ডায়ালাইসিস সেবা চালু | * বিভিন্ন ধাপে প্রথমে মেডিকেল কলেজ পরবর্তীতে জেলা পর্যায়ে | প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর |
| ০৯ | উপজেলা পর্যায়ে জরায়ু মুখের ক্যান্সার এবং স্তন ক্যান্সার চিহ্নিত করণ কার্যক্রম | * VIA Test<br>*Ultrasonogram, Trained Manpower | উপজেলা পর্যায়ে জরায়ু মুখ ক্যান্সার এবং স্তন ক্যান্সার চিহ্নিকরণ কার্যক্রম চলমান রয়েছে। সচেতনতা কার্যক্রম চলছে। | মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর |
| ১০ | জেলা পর্যায়ে অন্ততঃ একটি মডেল ফার্মেসী এবং উপজেলা পর্যায়ে একটি মডেল মেডিসিন সপ চালু | -- | মডেল ফার্মেসি ও মডেল মেডিসিন শপ-চালুর কাজ এগিয়ে নিতে হবে। | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর |

| নং | কর্মসূচির নাম | কার্যক্রম | বাস্তবায়ন/সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১১ | পর্যায়ক্রমে ACUTE MEDICINE UNIT চালু করা | ACUTE MEDICINE UNIT SET প্রথম পর্যায়ে মেডিকেল কলেজ ও হাসপাতাল সমূহ | ACUTE MEDICINE UNIT স্থাপনের বিষয়ে গত ০৪/০১/২০২০ খ্রিঃ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল মেডিকেল কলেজ হাসপাতালে পূর্ণাঙ্গ জরুরি বিভাগ স্থাপনের জন্য নির্দেশনা ও গাইডলাইন দেয়া হয়েছে। এ বিষয়ে ঢাকা ও ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের দৃষ্টান্ত অনুসরণ করার জন্যও বলা হয়েছে। এটির বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | মেডিকেল কলেজ সমূহের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালক |

৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাশীঘ্র সভা করে করণীয় কর্মপন্থা নির্ধারণ করে দ্রুত কাজ করবেন এবং সচিব মহোদয়ের কাছে রিপোর্ট করবেন। তাঁরা যেকোনো প্রয়োজনে মন্ত্রণালয় ও অধীনস্ত দপ্তর/অধিদপ্তরের যেকোনো কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারেন। এটি সম্মিলিতভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা বিধায় পরবর্তী সভাসমূহে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য উক্ত বিভাগের সচিব মহোদয়কে অনুরোধ করা হয়।

৫। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
০৪-০২-২০২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-২২৮

তারিখঃ ০৪/০২/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪. যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. লাইন ডাইরেক্টর (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৯. প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

৪/২/২০২০
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd